শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যীশু সমুদ্রের ঝড়কে শান্ত করেন

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest
Alastair Paterson
অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2020 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।



যীশু ও তাঁর শিষ্যরা একটি নৌকায় ছিলেন, তখন প্রচণ্ড ঝড় উঠল। ঝড়টি গালীল সমুদ্রকে যেন চাবুকের মতো মারতে লাগল। এইরকম ঝড়ে জাহাজ ভেঙ্গে ডুবে যায়।

ঝড় শিষ্যদের ভীতগ্রস্ত করল। ঢেউয়ের জল নৌকার উপর আসতে লাগল ও জলে ভরে যেতে লাগল। কিন্তু যীশু বালিশে মাথা দিয়ে গভীরভাবে ঘুমাচ্ছিলেন। তিনি ঝড়ের মধ্যে ঘুমাচ্ছিলেন।

শিষ্যরা যীশুকে উঠালেন, "প্রভু, প্রভু, আমরা মারা পড়লাম"।

যীশু তাঁর শিষ্যদের বললেন, “ওহে, অল্পবিশ্বাসী, ভীত কেন?” যীশু ঝড়কে ও সমুদ্রের ঢেউকে শান্ত হওয়ার জন্য আদেশ দিলেন।

এবং বাতাস শান্ত হয়েছিল। সমুদ্র শান্ত ও স্থির হয়েছিল।
শিষ্যরা অবাক হয়ে বলল, “ইনি কে, যাঁর কথা বাতাস ও সমুদ্র মান্য করে!”



কিছু সময় পরে, যীশু আর একদিন ব্যস্ত ছিলেন। এক ফাঁকা জায়গায় পাঁচ হাজারের বেশি লোক তাঁকে অনুসরণ করেছিল। ঈশ্বরের শক্তিতে যীশু সেই পাঁচ হাজার লোককে একটা ছোট ছেলের দুপুরের খাবারা দিয়ে খাইয়েছিলেন।

এখন সন্ধ্যাবেলা,
তাই যীশু সবাইকে
পাঠিয়ে দিলেন।

এমনকি তিনি শিষ্যদেরকেও ছেড়ে দিয়েছিলেন। যীশু তাদের নৌকায় উঠতে বললেন এবং তাঁর আগে তাদেরকে গালীল সমুদ্রের অপর পারে যেতে বললেন।





সবাইকে ছেড়ে দেওয়ার পর, যীশু পর্বতের উপরে প্রার্থনা করতে গেলেন। যখন সন্ধ্যা হল, তখন সেখানে তিনি একা।

হ্রদের উপরে শিষ্যরা একটা ঝড়ের মধ্যে পড়ল। ঝড়ের জন্য তারা হ্রদের ওপারে যেতে পারছিল না, যদিও তারা স্থল থেকে ঘণ্টাখানেক দূরে ছিল।

শিষ্যরা জানত না, কিন্তু তারা একটা বিস্ময়কর ব্যাপারের জন্য ছিল!

সকাল তিনটে থেকে চারটের মধ্যে, উজ্জ্বল সমুদ্রের ঢেউয়ের মাঝে শিষ্যরা কিছু দেখে ভয় পেল৷ তারা চিৎকার করতে লাগল, “এটা একটা ভূত”।

কিন্তু সেটা যীশু ছিলেন, তাদের গুরু ও প্রভু তাদেরই দিকে আসছিলেন৷ তিনি জলের উপর হাঁটছিলেন৷

যীশু তাদের বললেন, “সাহস কর, এ আমি, ভয় পে্ও না”। পিতর বললেন, “প্রভু, যদি এ আপনি হন, তাহলে আপনার কাছে জলের উপর দিয়ে আসার জন্য আমাকে আদেশ করুন”। যীশু বললেন, “এস, সাহস করে এস”। পিতর নৌকা থেকে বার হয়ে জলে পা দিল ও যীশুর দিকে হাঁটতে লাগল৷

কিন্তু ঘুরন্ত বাতাস দেখে
পিতর ভয় পেয়ে গেল ও
ডুবতে আরম্ভ করল। সে
কাঁদতে লাগল, “প্রভু,
আমাকে রক্ষা করুন”।

শীঘ্র যীশু হাত বাড়িয়ে পিতরকে ধরলেন। তিনি বললেন, “ও অল্পবিশ্বাসী, কেন সন্দেহ করলে?” পিতর ও যীশু যখন নৌকায় উঠলেন, তখন বাতাস থেমে গেল।

নৌকার মধ্যে যারা ছিল, তারা একসাথে যীশুর উপাসনা করল। তারা বলল, “সত্যি আপনি ঈশ্বরের পুত্র”।

যীশু সমুদ্রের ঝড়কে শান্ত করেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ৮; মথি ১৪; মার্ক ৪; লুক ৮

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬